

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৫৬.১৬.০০১.২১. ৪৯

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১
১২ নভেম্বর ২০২৪


বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ষিত কোটায় বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৫৬.১৬.০০১.২১ তারিখ: ০৯ অক্টোবর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপরোল্লিখিত সূত্রস্থ স্মারকমূলে সমাজসেবা অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি এবং হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির বিশেষ ভাতা এবং শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত চলমান অনলাইন এ্যাপ্লিকেশন লিংক 'mis.bhata.gov.bd/online-application' এর মাধ্যমে আবেদন, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পত্র প্রেরণ করা হয়।

২। উল্লেখিত কার্যাদি সম্পাদন করতে প্রযুক্তিগত সমস্যা পরিলক্ষিত হওয়ায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক CTM প্রকল্পের সহযোগিতায় নতুন mis এ আবেদন ফরম আপডেটসহ নতুন অনলাইন এ্যাপ্লিকেশন লিংক 'https://dss.bhata.gov.bd/online-application' প্রস্তুত করা হয়েছে। সেপ্রেক্ষিতে ১৩-১১-২০২৪ তারিখ হতে ৩০-১১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত https://dss.bhata.gov.bd/online-application লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য কোন সরকারি সুবিধা নিয়মিত গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে। উল্লেখ্য পূর্বে ব্যবহৃত 'mis.bhata.gov.bd/online-application' লিংকে বিষয়ে উল্লিখিত কার্যক্রম পরিচালনা না করার জন্য অনুরোধ করা হলো। পত্রে উল্লেখিত স্মারকমূলে প্রেরিত পত্রের অন্যান্য নির্দেশনা বলবৎ থাকবে।

৩। এমতাবস্থায়, তীর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উল্লিখিত তারিখের মধ্যে https://dss.bhata.gov.bd/online-application লিংকে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।


(মোঃ মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৫৫০০৭০৩২

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।
৩. প্রকল্প পরিচালক, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন প্রকল্প (সিটিএম), শ্যামলী, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)
৫. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক (গবেষণা, প্রকাশনা ও মূল্যায়ণ), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১১. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়
১২. সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়